দৈনিক ইনকিলাব

তারিখ FEB. 20-1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

৫৪

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট ডেকেছে ছাত্রদল

**ইঃ বিঃ রিপোর্টার :** জাতীয়তাবাদী ছাত্রদল ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা আজ ২০ হতে ২৬ ফেব্রুয়ারী পর্যন্ত ক্যাম্পাসে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯ সালের ডাইরী হতে বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য ও উদ্দেশ্য এবং প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নাম বাদ দেয়ার প্রতিবাদে এবং ছাত্রদল সভাপতি ও সেক্রেটারীকে প্রদত্ত শোকজ নোটিশ প্রত্যাহারের দাবীতে এই ধর্মঘটের ডাক দেয়া হয়। পরীক্ষাসমূহ ধর্মঘটের আওতামুক্ত রাখা হয়েছে। আগামী ২৬ ফেব্রুয়ারীর মধ্যে বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য এবং প্রতিষ্ঠাতার নাম ডাইরীতে সংযোজন না করা হলে পরবর্তীতে কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে বলে ছাত্রদল জানিয়েছে। এদিকে উক্ত ঘটনায় কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলাসহ ক্যাম্পাসে তীব্র ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে। অবিলম্বে ডাইরীতে বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য এবং প্রতিষ্ঠাতার নাম সংযোজন করার দাবীতে উভয় জেলায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে।